কালের কণ্ঠ

তারিখ 04 JAN 2016
2 কলাম 1

# প্রাক-প্রাথমিকে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ

**নিজস্ব প্রতিবেদক ▷**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সহকারী শিক্ষক নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়েছে। এই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ১৩ হাজার ৯৭৪ জন। গতকাল রবিবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্বাচিত প্রার্থীদের রোল নম্বরের তালিকা ইতিমধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে পাঠানো হয়েছে। এসব প্রার্থীর জেলাভিত্তিক রোল নম্বরের তালিকা সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে। এ ছাড়া প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dpe.gov.bd) নির্বাচিত প্রার্থীদের জেলাভিত্তিক রোল নম্বর পাওয়া যাবে।

জানা যায়, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় ২০১৪ সালের ১০ ডিসেম্বর বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। প্রশ্ন ফাঁস ঠেকাতে এবারই প্রথম ডিজিটাল পদ্ধতিতে প্রশ্ন প্রণয়ন ও বিতরণ করা হয়েছে।